গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
সরকারি কার্যভবন-২ (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম
www.taxeszone3ctg.gov.bd

নথি নং- মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/ তারিখঃ ১৪/০৯/২০২৫ খ্রি.

## রাজস্ব সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভা | : | জুলাই/২০২৫ মাসের মাসিক রাজস্ব সভা |
| তারিখ | : | ০৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. সোমবার |
| স্থান | : | সম্মেলন কক্ষ-'সম্প্রীতি', কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| অংশগ্রহণকারী | : | কর অঞ্চল-৩, চট্টগ্রামের সকল কর্মকর্তা ও কর পরিদর্শকবৃন্দ |
| সভাপতি | : | জনাব মোঃ মঞ্জুর আলম<br>কর কমিশনার<br>কর অঞ্চল-৩, চট্টগ্রাম |

কর অঞ্চল-৩, চট্টগ্রামের সম্মানিত কর কমিশনার মোঃ মঞ্জুর আলম এর সভাপতিত্বে এ কর অঞ্চলের অতিরিক্ত কর কমিশনার, যুগ্ম কর কমিশনার, উপ কর কমিশনার, সহকারী কর কমিশনার, অতিরিক্ত সহকারী কর কমিশনার ও কর পরিদর্শকবৃন্দের উপস্থিতিতে বিকাল ৩.৩০ ঘটিকায় মাসিক রাজস্ব সভা শুরু হয়। উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন), সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

আলোচ্যসূচিঃ-

ক) জুলাই/২০২৫ পর্যন্ত লক্ষমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ;

খ) জুলাই' ২৫ পর্যন্ত মোট বকেয়া দাবী, সৃষ্ট দাবী, আপীলে হ্রাস, ট্রাইব্যুনালে হ্রাস;

গ) ৩০ শে জুন, ২০২৫ সমাপ্ত করবর্ষে দাখিলকৃত আয়কর রিটার্নের সংখ্যা, 'শূন্য' আয় প্রদর্শিত রিটার্নের সংখ্যা, 'শূন্য' কর প্রদর্শিত রিটার্নের সংখ্যা, 'শূন্য' আয় ও 'শূন্য' কর প্রদর্শিত রিটার্নের বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করা হয়েছে কিনা;

ঘ) জুলাই' ২৫ পর্যন্ত নন-ফাইলার সংক্রান্ত তথ্য, মোট নন-ফাইলার এর সংখ্যা, মোট নোটিশ জারীর সংখ্যা, নোটিশ জারীর প্রেক্ষিতে রিটার্ন দাখিলের সংখ্যা ও সার্বিক পরিস্থিতি;

ঙ) জুলাই' ২৫ পর্যন্ত রিটার্ন প্রসেস সংক্রান্ত তথ্য;

চ) জুলাই' ২৫ পর্যন্ত কর অঞ্চলসমূহের ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন সেল কর্তৃক বৃহৎ অঙ্কের কর ফাঁকি রয়েছে এরূপ করদাতা সংক্রান্ত কার্যক্রম;

ছ) জুলাই' ২৫ পর্যন্ত আয়কর আইনে কর ফাঁকির মামলার হাল নাগাদ তথ্য;

জ) জুলাই' ২৫ পর্যন্ত নিবিড় পরিদর্শন/সংক্ষিপ্ত পরিদর্শন সংক্রান্ত বিস্তারিত তথ্য;

ঝ) জুলাই' ২৫ পর্যন্ত কর পরিদর্শন পরিদপ্তরের প্রতিবেদন এর বিষয়ে হাল নাগাদ তথ্য;

ঞ) জুলাই' ২৫ পর্যন্ত অডিট মামলা সংক্রান্ত তথ্য;

ট) ১৪৭ ধারায় উৎসে কর কর্তন অডিট সংক্রান্ত তথ্য;

ঠ) জুলাই' ২৫ পর্যন্ত কর নেট বৃদ্ধি ও রিটার্ন দাখিল সংক্রান্ত;

ড) জুলাই' ২৫ পর্যন্ত স্থানীয় রাজস্ব অডিট অধিদপ্তরের প্রতিবেদনের বিষয়ে হাল নাগাদ তথ্য;

ঢ) বিবিধ;

সভায় সম্মানিত কর কমিশনার সার্কেল কর্মকর্তা এবং কর পরিদর্শকদের সাথে সভার অলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করেন এবং রাজস্ব আদায়ের কর্মপরিকল্পনা বিষয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন। এ সময় পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শকগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় ও সিদ্ধান্তঃ | দায়িত্বপ্রাপ্ত/বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১. | **লক্ষ্যমাত্রা ও আদায় কার্যক্রম সংক্রান্তঃ**<br>ক. ২০২৫-২০২৬ অর্থবছরের জুলাই'২৫ মাস পর্যন্ত আদায় হয়েছে ১৮৬.২৯ কোটি টাকা। বিগত অর্থ বছরে এ সময়ে আদায় ছিলো ১৮৫.৪৪ কোটি টাকা। লক্ষ্যমাত্রা আদায়ে প্রবৃদ্ধির হার ০.৪৬%। যেসব সার্কেল প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হয়নি তাদেরকে লক্ষ্যমাত্রা পূরনের জন্য প্রয়োজনীয় ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |

| | | |
|---|---|---|
| ২. | **অডিট কার্যক্রম সংক্রান্ত:**<br>ক. অনিষ্পন্ন সকল অডিট মামলা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত 'আয়কর রিটার্ন অডিট নির্দেশনা-২০২৫' অনুযায়ী সম্পন্ন করতে হবে।<br>খ. জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০৪১.০৭.০০২.২০২৪/৩৩৭, তারিখ: ০১/০৯/২০২৫খ্রি. এর মাধ্যমে অনিষ্পন্ন কর অডিট মামলাসমূহ নিষ্পত্তি সংক্রান্ত অফিস আদেশে প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করতে হবে।<br>গ. প্রকৃত ভাড়া প্রদর্শনকারী করদাতাগণের তথ্য স্যান্ডার্ড রেন্ট রেজিষ্টার প্রস্তুত পূর্বক নিয়মিতভাবে ভাড়া আয়ের তথ্য আপডেট করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |
| ৩. | **ননফাইলার করদাতা সংক্রান্ত:**<br>ক. ননফাইলার করদাতাদের হালনাগাদ তালিকা প্রস্তুত করে প্রত্যেকের নামে পৃথক নথি চালু করতে হবে।<br>খ. টিআইএন থাকা সত্ত্বেও যেসকল করদাতা আয়কর রিটার্ন দাখিল করেন না (ননফাইলার) তাঁদের সকলকে রিটার্ন দাখিলের জন্য নোটিশ করতে হবে। রিটার্ন দাখিল না করলে তাঁদের আয়, ব্যয় ও সম্পদের তথ্য সরেজমিন তদন্ত করে আইন অনুযায়ী আয়কর আরোপ করে তা আদায় করার জন্য আয়কর আইন অনুযায়ী সকল কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |
| ৪. | **রিটার্ন প্রসেস সংক্রান্ত:**<br>ক. ২০২৪-২০২৫ করবর্ষে দাখিলকৃত আয়কর রিটার্নসমূহ আয়কর আইনের বিধান অনুসারে প্রসেসিং করার মাধ্যমে কর আদায় কার্যক্রম বেগবান করতে হবে। এক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০০০.০১৯.৯৯.০০০৫.২৫.৪৮৫/১(৭), তারিখ: ০২/০৯/২০২৫খ্রি. এর মাধ্যমে রিটার্ন প্রসেস সংক্রান্ত অফিস আদেশে প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করতে হবে।<br>খ. রিটার্ন প্রসেসের সময় অনলাইন ভেরিফিকেশনের মাধ্যমে দাবীকৃত কর পরিশোধের চালানের সঠিকতা যাচাই করতে হবে। পরিদর্শী যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-৪ ও উপ কর কমিশনার, সদর দপ্তর টেকনিক্যাল বিষয়টি মনিটরিং করবেন।<br>গ. যেসকল সার্কেলে রিটার্ন প্রসেসের মাধ্যমে দাবী সৃষ্টি হয়েও আদায় সম্পন্ন হয়নি তাঁদেরকে দ্রুততার সাথে উক্ত আদায় কার্যক্রম | সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা |
| ৫. | **নবসৃষ্ট কর অঞ্চলে নথি বদলী ও নতুন অধিক্ষেত্র সংক্রান্ত:**<br>ক. চট্টগ্রামস্থ ৬টি কর অঞ্চলের নতুন অধিক্ষেত্র আদেশ অনুযায়ী নথি বদলী ও আনয়নের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>খ. কর অঞ্চল-৩, চট্টগ্রামের নতুন অধিক্ষেত্র আদেশ অনুযায়ী সার্কেলসমূহের কার্যক্রম দ্রুত শুরু করার জন্য নির্দেশ দেওয়া হয়। | সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা |
| ৬. | **ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন সেল সংক্রান্ত:**<br>ক. এ কর অঞ্চলের ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন সেল এর কার্যক্রম আরো বাড়াতে হবে। গোয়েন্দা কার্যক্রম বৃদ্ধির মাধ্যমে কর ফাঁকি উদঘাটন জোরদার করার জন্য নির্দেশ প্রদান করা হয়। | সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা |
| ৭. | **বকেয়া কর সংক্রান্ত:**<br>ক. বকেয়া করের হালনাগাদ তথ্য রেজিষ্ট্রারে লিপিবদ্ধ করতে হবে। আগামী ১ সপ্তাহের মধ্যে বকেয়া করের তাগাদাপত্র সংশ্লিষ্ট করদাতা বরাবর প্রেরণ করতে হবে। বকেয়া কর আদায়ে বিদ্যমান আয়কর আইনের সর্বোচ্চ প্রয়োগ নিশ্চিত করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা |
| ৮. | **নিবিড় পরিদর্শন সংক্রান্ত:**<br>ক. নিবিড় পরিদর্শন পঞ্জিকা অনুযায়ী পরিদর্শন কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। ২০১৯-২০২০ করবর্ষ হতে যেসকল মামলায় নিবিড় পরিদর্শন প্রতিবেদনে নির্দেশনা রয়েছে তা যথাযথভাবে পরিপালন করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে কর পরিদর্শক দ্বারা তদন্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং ব্যাংক বিবরণী সংগ্রহের নির্দেশনা থাকলে তা প্রথমে করদাতার নিকট হতে চাইতে হবে, করদাতা দিতে অস্বীকৃতি জানালে সেক্ষেত্রে ব্যাংক তল্লাশীর কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা |
| ৯. | **১৪৭ ধারার কার্যক্রম সংক্রান্ত:**<br>ক. আয়কর আইন, ২০২৩ এর ১৪৭ ধারার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে অধিকতর গুরুত্বের সাথে কাজ করতে হবে। ফার্মের ক্ষেত্রেও ১৪৭ ধারার কার্যক্রম গ্রহণ করার নির্দেশ দেওয়া হয়।<br>খ. ১৪৭ ধারায় কার্যক্রম গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট পরিদর্শী রেঞ্জ কর্মকর্তার সাথে পরামর্শ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| ১০. | **উৎসে কর ব্যবস্থাপনা সংক্রান্ত:**<br>ক. উৎসে কর আদায় কর্যাক্রম নিবিড়ভাবে মনিটরিং করতে হবে।<br>খ. এ কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানী করদাতাদের ই.টি.ডি.এস নিবন্ধনে উৎসাহিত করতে হবে। সেইসাথে সকল কোম্পানী করদাতার নিবন্ধন কার্যক্রম সম্পন্নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা |
| ১১. | **জাতীয় রাজস্ব বোর্ড এবং কর কমিশনার কার্যালয়ের নির্দেশনা পরিপালনঃ**<br>ক. বিগত ২৮/৮/২০২৫খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত আয়কর বিভাগের মাসিক রাজস্ব আহরণ অগ্রগতি ও পর্যালোচনা সভায় মাননীয় সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড মহোদয় কর্তৃক প্রদত্ত রাজস্ব সংক্রান্ত এবং প্রশাসনিক শৃঙ্খলা সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।<br>খ. জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০০০.০১৯.৩৫.০০০১.২৪.৪৮৪/১(৭), তারিখ: ০২/০৯/২০২৫খ্রি. মূলে জারীকৃত কর্মস্থলে নিয়মিত উপস্থিতি সংক্রান্ত অফিস আদেশ এবং এ বিষয়ে কর কমিশনার কার্যালয়ের অফিস আদেশ যথাযথভাবে পরিপালন বা অনুসরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।<br>গ. সিআইসি কর্তৃক প্রেরিত বিলাসবহুল গাড়ির তথ্য এবং বিদেশে অবৈধ সম্পদ সংক্রান্ত তথ্যের ভিত্তিতে গৃহীত কার্যক্রমের আপডেট প্রদান।<br>ঘ. PSR যথাসময়ে সিস্টেমে এন্ট্রি সম্পন্ন করতে হবে। অধিক্ষেত্র বহির্ভূত নথিসমূহ সংশ্লিষ্ট অধিক্ষেত্রাধীন কর অঞ্চল/সার্কেলে বদলী করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা |

বিগত দিনের মত আগামী দিনেও যেন কর্মোদ্যম নিয়ে এগুতে পারি সে প্রত্যাশা রেখে সভায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মঞ্জুর আলম)
কর কমিশনার (চলতি দায়িত্ব)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
ফোনঃ ০২৩৩৩৩২৫৮৯৭

নথি নং- মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/৭২৫(১-২৬)

তারিখঃ ১৪/০৯/২০২৫ খ্রি.

অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।.....সদয় জ্ঞাতার্থে।
২। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম
৩। উপ/সহঃ/অতিঃ সহঃ কর কমিশনার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম। } .....সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।
৪। অফিস কপি।

১৪.০৯.২৫
(শাহীন আক্তার)
সহকারী কর কমিশনার
সদর দপ্তর: (লিগ্যাল)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম